যুগান্তর

তারিখ : 28 DEC 2016
পৃষ্ঠা ৩-১৬ কলাম ১৬

# সিদ্ধিরগঞ্জে অধ্যক্ষ অবরুদ্ধ

সিদ্ধিরগঞ্জ প্রতিনিধি

অধ্যক্ষের অপসারণের দাবিতে সিদ্ধিরগঞ্জের পাঠানটুলীর নারায়ণগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের (ভোকেশনাল) অধ্যক্ষকে অবরুদ্ধ করে রেখেছিল শিক্ষার্থীরা। মঙ্গলবার বেলা ১১টা থেকে দেড়টা পর্যন্ত প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা প্রতিষ্ঠানের ফটকে তালা দিয়ে অবরুদ্ধ করে রাখে অধ্যক্ষকে। খবর পেয়ে সিদ্ধিরগঞ্জ থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করার পর শিক্ষার্থীরা অবরোধ তুলে নেয়। শিক্ষার্থীরা জানায়, প্রতিষ্ঠানটির অধ্যক্ষ সুনীল কর্মকার বিভিন্ন সময় তাদের অভিভাবকদের সঙ্গে খারাপ ব্যবহার করে আসছিলেন। তিনি তার কক্ষে ও শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন স্থানে ধূমপান করে থাকেন। সময়মতো প্রতিষ্ঠানের ক্লাসরুমগুলো খোলা হয় না। প্রতিষ্ঠানে ক্রীড়াসামগ্রী রাখা হলে তা ব্যবহার করতে দেয়া হয় না শিক্ষার্থীদের। পরীক্ষার হলে শিক্ষার্থীদের হুমকি-ধমকি দেয়া হয়। শিক্ষাপ্রতিষ্ঠানটিতে ইংরেজি শিক্ষক নেই। পরীক্ষায় নম্বর কম দিয়ে থাকেন অধ্যক্ষের স্ত্রী ও এ প্রতিষ্ঠানের ইসিসি বিভাগের শিক্ষিকা ময়না রানী কর্মকার। শিক্ষার্থীদের কয়েকজন অভিযোগ করেন, শিক্ষিকা ময়না রানী কর্মকার ট্রেড বিষয়ে অনুপস্থিত থাকার কারণে আমাদের কম নম্বর প্রদান করেন। এ ছাড়া ম্যাডাম আমাদের সঙ্গে অমানবিক আচরণসহ একবারের বেশি কোনো বিষয়ে জানতে চাইলে বিভিন্নভাবে ধমক দিয়ে থাকেন। এসব অনিয়মের প্রতিবাদে শিক্ষার্থীরা অধ্যক্ষের অপসারণ চেয়ে ১৪ ডিসেম্বর কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের বরাবরে স্থানীয় এমপির সুপারিশ সংবলিত একটি আবেদন করে। এরপরও অধ্যক্ষের অপসারণ না হওয়ায় মঙ্গলবার তারা অধ্যক্ষকে অবরুদ্ধ করে রাখে বলে জানায় শিক্ষার্থীরা।